

# বাবার চিঠি

বুদ্ধদেব বসু

আমি যদি হতেম ছোটো পাখি
থাকতো যদি ছোট্টো দুটি পাখা,
তোমার কাছে উড়ে যেতাম চলে
শ্রাবণ মেঘ যেমন দলে দলে
পার হয়ে যায় ঘন ছায়ায় ঢাকা
মস্ত শহর পাহাড় নদী বন,



বৃষ্টি ধারায় হঠাৎ পড়ে গলে
তেমনি আমার সঙ্গীহারা মন
চলেছে আজ হাওয়ার সঙ্গে ছুটে
ছোট্টো তোমার হাত দুখানির দিকে

যে হাত দিয়ে জড়িয়ে ধরে গলা
বলেছিলে "আমায় চিঠি লিখে
পাঠিয়ে দিও ডাকওয়ালার হাতে',

হয়নি মিছে ঐ কথাটি বলা,
একলা বসে লিখছি তোমায় চিঠি
কাজের শেষে কাজল কালো রাতে,
যদিও তুমি পড়তে শেখনিকো,
বুঝবে নাকি আমার মনের কথা
তাড়াতাড়ি জবাব কিন্তু লিখো
কাগজ ভরে খানিক আঁকি-বুকি
অর্থ ছাড়া বানান-হারা ভাষা,



কালিতে আর ভালবাসায় মাখা
থাকতো যদি ছোট্টো দুটি পাখা
চিঠি পেয়েই উড়ে যেতাম চলে ।

মনে জানি মিথ্যে এসব ভাবা
ভাগ্যে তবু এ-মিথ্যেটা আছে
অতি কষ্টে তাইতো জীবন বাঁচে
ইতি "তোমার হাত - পা বাঁধা বাবা"।

**জেনে রাখো**

**ডাকওয়ালা** — যে চিঠি দেয়

**সঙ্গীহারা** — যে বন্ধুকে হারিয়ে ফেলেছে ।

**অর্থছাড়া** — যার কোন মানে হয় না ।

**কাব্যপরিচয়**

হয়তো কোনো কাজের জন্য শিশু সন্তানকে ছেড়ে তার বাবা বহু দূরে কোনো শহরে গেছে। যাবার সময় শিশু তার বাবার গলা জড়িয়ে ধরে বলেছিল চিঠি লিখতে। বাবা জানে তার আদরের সন্তান পড়তে শেখেনি, কিন্তু শিশুর ভালবাসার আব্দার, তাই বাবা চিঠি লেখে। সন্তানকে জানায় সে যেন তার কালিতে বোলানো আঁকি-বুকি বাবাকে পাঠায়। বাবা তার সন্তানের কাছে যেন পাখি হয়ে উড়ে যেতে চায়। তার মনের ব্যাকুলতা নানা ধরনের মিথ্যে কল্পনা করে যায়। চাকুরী ছেড়ে ইচ্ছে মতো সন্তানের কাছে যেতে পারছে না সেইজন্য নিজেকে হাত - পা বাঁধা বাবা বলে জানিয়েছে।

## পাঠবোধ

**খালি যায়গায় পাশের শব্দগুলি থেকে সঠিক শব্দটি ভরো**

**1. থাকতো যদি ছোট্টো দুটি ..........................................।**

(ডানা / পাখা / হাত)

**2. .......................................... মেঘ যেমন দলে দলে।**

(আষাঢ় / শ্রাবণ / শরৎ)

**3. একলা বসে লিখছি তোমায় ..........................................।**

(কবিতা / চিঠি / গল্প)

**4. কাজের শেষে .......................................... কালো রাতে।**

(কাজল / মিশমিশে / কুচকুচে)

**অতি সংক্ষেপে উত্তর দাও**

5. বাবা কাকে চিঠি লিখছে ?

6. বাবা কী হতে চেয়েছে ?

7. কোন মেঘ দলে দলে চলেছে ?

**সংক্ষেপে উত্তর দাও**

8. শিশু সন্তান বাবার গলা জড়িয়ে ধরে কী বলেছিল ?

9. বাবা কীভাবে সন্তানের কাছে যেতে চেয়েছে ?

10. শিশু তার বাবাকে কীভাবে চিঠি লিখবে ?

11. 'বাবার চিঠি' কবিতাটির কবি কে ?

**বিস্তারিতভাবে লেখো**

12. বাবা তার শিশু সন্তানকে একলা বসে কী কথা চিঠিতে লিখেছে ?

**ব্যাকরণ ও নির্মিতি**

**1. পাখি, শ্রাবণ, ডাকওয়ালা**

এই শব্দগুলি কোন পদ লেখো।

**2. বাক্য রচনা করো**

সঙ্গীহারা, বৃষ্টি, চিঠি, দলে দলে, মেঘ

**3. নববর্ষের প্রণাম জানিয়ে বাবাকে একটি চিঠি লেখো ।**